**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 26-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Launching scheme for army personal**:

ভারতীয় সেনা ও তাদের পরিবারের সদস্যদের সব ধরনের আইনি সহযোগিতার জন্য আজ ত্রিপুরা সহ দেশের সবকটি রাজ্যে নতুন প্রকল্প শুরু করবে জাতীয় আইনসেবা কর্তৃপক্ষ। নতুন এই প্রকল্পের নাম "নালসা বীর পরিবার সহায়তা যোজনা, ২০২৫। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানিয়েছেন, সুপ্রিম কোর্টের বিচারপতি সূর্য কান্ত জম্মু কাশ্মিরে আইনসেবা কর্তৃপক্ষের আঞ্চলিক সম্মেলনে এই প্রকল্পের ভার্চুয়াল উদ্বোধন দেশের সবকটি রাজ্যে করবেন। আগরতলায় রাজ্য সৈনিক বোর্ডে সকালে ভার্চুয়াল উদ্বোধন অনুষ্ঠানে আইনি সচেতনতা শিবিরের আয়োজন করা হয়েছে।

***************

**PM, Tamilnadu** :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দু'দিনের তামিলনাড়ু সফরে যাচ্ছেন।যুক্তরাজ্য এবং মালদ্বীপ সফর থেকে ফিরে আসার পরপরই প্রধানমন্ত্রী সেখানে যাবেন। এই সফরে শ্রী মোদী আজ রাতে তুতিকোরিনে চার হাজার আটশো কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন, উদ্বোধন এবং জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। এরমধ্যে রয়েছে তুতিকোরিন বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবন, মহাসড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন, গুরুত্বপূর্ণ রেলওয়ে পরিকাঠামো প্রকল্প ইত্যাদি।

****************

**New 3 criminal law** :

নতুন তিন ফৌজদারি আইন সম্পর্কে সচেতনতা বাড়াতে গতকাল বিশালগড়ের রামনারায়ন ঠাকুরপাড়া হাই স্কুলে এক শিবিরের আয়োজন করা হয়। বিশালগড় মহকুমা আইনসেবা কমিটির উদ্যোগে আয়োজিত শিবিরে আলোচনায় প্যানাল আইনজীবী লিপিকা দে সরকার বলেন, নতুন আইনে সাধারন নাগরিকদের অনেক ধরনের সুবিধা দেওয়া হয়েছে। এখন রাজ্যের যে কোনও জায়গা থেকে এফআইআর করা যায়। পুলিশকে তদন্তের জন্যও সময় বেঁধে দেওয়া হয়েছে।

***************

**Maan-Ki-Baat** :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৪তম পর্ব|

এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে| অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে| | অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে|| এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে|

******************

**APY-Achievement:**

অটল পেনশন যোজনার আওতায়, চলতি অর্থবছরেই মোট ৮ কোটি সদস্য তালিকাভুক্তির মাধ্যমে উল্লেখযোগ্য মাইলফলক অর্জিত হয়েছে | ৩৯ লক্ষ নতুন গ্রাহক এই প্রকল্পে যুক্ত হয়েছেন৷ ভারত সরকারের PFRDA পরিচালিত

প্রধান সামাজিক সুরক্ষা প্রকল্প অটল পেনশন যোজনা ।২০১৫ র ৯ই মে, চালু হওয়ার পর থেকে এই প্রকল্পটি তার ১০ম বার্ষিকী উদযাপন করার সময় এই মাইলফলক অর্জিত হয়েছে ।

সমস্ত ভারতীয়দের জন্য একটি সর্বজনীন সামাজিক সুরক্ষা ব্যবস্থা তৈরির লক্ষ্যে চালু হওয়া, অটল পেনশন যোজনা একটি সেবা ও অবদানমূলক পেনশন প্রকল্প, যা দরিদ্র, সুবিধাবঞ্চিত এবং অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের কথা ভেবেই চালু হয়েছিল |

*****************

**NH-08 :**

উদয়পুর থেকে কাঁকড়াবন হয়ে মেলাঘর পর্যন্ত ৮ নম্বর জাতীয় সড়কের ওপর বিকল্প সড়ক ও গোমতি নদীর উপর আরও একটি নতুন সেতু নির্মান করা হবে। এই বিষয়ে গতকাল গোমতি জেলার কাঁকড়াবন পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়।

এই বৈঠকে বিধায়ক জিতেন মজুমদার, গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুপ্রিয়া সাহা, গোমতি জেলা শাসক রিঙ্কু লেথার প্রমুখ উপস্থিত ছিলেন।

*****************

**CPIM Rally** :

সি.পি.আই.এম-এর উদ্যোগে গতকাল সাব্রুমের মনুবনকুলে এবং শান্তিরবাজার মহকুমার বীরচন্দ্রনগরে বিক্ষোভ মিছিল সংগঠিত করা হয়| স্মার্ট মিটার, বিদ্যুৎ বিল বৃদ্ধির প্রতিবাদে এই কর্মসূচী| উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী, সি.পি.আই.এমের দক্ষিণ জেলা সম্পাদক মিহির পাটারী, প্রাক্তন এম.ডি.সি পরীক্ষিত মুড়াসিং প্রমুখ। ***************

**Drug Seized :**

খোয়াই মহকুমার বাইজলবাড়িতে পুলিশ গতকাল রাতে একটি গাড়ি থেকে দশ লক্ষ টাকার নেশা সামগ্রী আটক করে। এই ঘটনায় দুই ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ ধৃতদের বিরুদ্ধে এন.ডি.পি.এস অ্যাক্টে মামলা গ্রহণ করেছে।

****************

**DM-Road Safety :**

পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক তথা সমাহর্তা ডাঃ বিশাল কুমারের পৌরোহিত্যে গতকাল জেলাশাসকের কনফারেন্স হলে জেলাস্তরের সড়ক নিরাপত্তা কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পরিবহন, পুলিশ, পূর্ত, স্বাস্থ্য, শিক্ষা এবং নগর উন্নয়ন সহ গুরুত্বপূর্ণ দপ্তরের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

*****************

1st Division:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার উদ্বোধনী খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে অনুষ্ঠিত এগিয়ে চলো সংঘ ও কল্যাণ সমিতির খেলাটি গোলশূন্য ভাবে শেষ হয়। ফলে উভয় দল পয়েন্ট ভাগ করে।

****************

**Football** :

খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সিন্থেটিক ফুটবল মাঠে আজ জেলা ভিত্তিক শচীন দেব স্মৃতি নকআউট ফুটবল প্রতিযোগিতা শুরু হচ্ছে। গতকাল খোয়াই ফুটবল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে সাংবাদিক সম্মেলনে জানানো

হয়, রাজ্যের ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের মন্ত্রী টিংকু রায় এই প্রতিযোগিতার উদ্বোধন করবেন।

*****************

**Under-18 Cricket** :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত অনূর্ধ্ব ১৮ বছরের ক্লাব ক্রিকেট প্রতিযোগিতা গতকালকের খেলায় শতদল সংঘ জয়লাভ করেছে। তালতলা মাঠে অনুষ্ঠিত খেলায় শতদল সংঘ ১২১ রানে ইউনাইটেড ফ্রেন্ডসকে পরাজিত করে।

****************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর এবং উনকোটি ছাড়া বাকি জেলাগুলোতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস।

*****************